

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
কলেজ-৬ শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭০.০২.০০২.২০১৪-৩৭৮

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৪
১৩ সেপ্টেম্বর ২০১৭


বিষয়: শেরপুর জেলার নকলা উপজেলাধীন হাজী জালমামুদ কলেজ-এর ভৌত অবকাঠামো ও শ্রেণি কক্ষ সংকট নিরসনের লক্ষ্যে নির্মাণাধীন ভবনের কাজ সম্পন্ন করার জন্য কলেজ তহবিল হতে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা উত্তোলনের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র: মাউশির পত্র নং ৩০.০২.০০০০.১০৩.২৭.০৩৭.২০১৭-৩২১০, তারিখ ১৭.০৭.২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শেরপুর জেলার নকলা উপজেলাধীন হাজী জালমামুদ কলেজ-এর ভৌত অবকাঠামো ও শ্রেণি কক্ষ সংকট নিরসনের লক্ষ্যে নির্মাণাধীন ভবনের কাজ সম্পন্ন করার জন্য নিম্নোক্ত শর্তে কলেজ তহবিল হতে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা উত্তোলনের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

শর্তসমূহ:

- একটি কমিটি গঠন করে এ অর্থ ব্যয় করতে হবে এবং উক্ত কমিটিতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।
- এ অর্থ ব্যয়ে আর্থিক কোন অনিয়ম সংঘটিত হলে আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক এ অর্থ ব্যয় করতে হবে।


(নাছিম খানম)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৭৪২৫

e-mail: sas_col4@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। গার্ড ফাইল।